গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।
www. kaliganj.lalmonirhat.gov.bd

# কালীগঞ্জ উপজেলা পরিষদের জুলাই/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভা নম্বর ঃ ০১
সভাপতি ঃ মোছাঃ জাকিয়া সুলতানা, প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ ঃ ২৯/০৭/২০২৫ খ্রিঃ
সভার সময় ঃ সকাল- ১১.৩০ ঘটিকা।
উপস্থিতি ঃ উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'-তে দেখানো হলো

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **প্রশাসক, উপজেলা পরিষদ :**<br>উপজেলা পরিষদ মাসিক সভার প্রস্তাবনা নিয়ে সভাপতি সকলকে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান এবং প্রশাসক হিসেবে উপজেলা পরিষদের ন্যস্ত সকল কর্মকর্তাগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১.১ প্রশাসক হিসেবে সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি, তন্মধ্যে কর্মরত পদ ০৯টি ও শুন্য পদ ২০টি। নার্সের মঞ্জুরীকৃত পদ ৩৯টি, তন্মধ্যে কর্মরত পদ ৩৮টি ও শুন্য পদ ০১টি। বহিঃবিভাগে রোগীর সংখ্যা- ৫০৭০জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা- ২৮৬১ জন, অন্তঃ বিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা- ৯৩৭ জন। মোট রোগীর সংখ্যা- ৮৮৬৮ জন। আলট্রাসনোগ্রাম- নেই, ই,সি,জি সেবা প্রদান- ৪৬ জন। প্যাথলজিক্যাল পরীক্ষা- ৪৯৪ জন, স্বাভাবিক প্রসব সেবা- ৩২ জন, সিজারিয়ান সংখ্যা-নেই এক্স-রে পরীক্ষা- ২৫০ জন, মেজর সার্জারী রোগীর সংখ্যা-নেই, মাইনর সার্জারী সংখ্যা- ৩৭৫ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। | ২.১ উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জুন/২০২৫ খ্রিঃ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপে উপস্থাপন করেন। **(১) স্থায়ী পদ্ধতি ঃ** ক) পুরুষ/ মহিলা- নেই, **(২) দীর্ঘমেয়াদী পদ্ধতি** ক) আইইউডি- ০২ জন, খ) ইমপ্লান্ট- নেই **(৩) অস্থায়ী পদ্ধতি ঃ** ক) খাবার বড়ি সুখী বিতরণ- ৩১০ সাইকেল, খ) খাবার বড়ি আপন বিতরণ- ০২ সাইকেল, গ) কনডম- ৪৩২৬ পিস, ঘ) ইনজেকটেবল্স- ৯৮০ ভায়েল। **(৪) মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম ঃ-** ক) গর্ভবতী মা এর সংখ্যা- ১৫২১ জন, খ) গর্ভবতী মা এর পরিচর্যা- ২০৯৪ জন, গ) নরমাল ডেলিভারী- ১৮৩ জন, ঘ) সিজারিয়ান- ৭৭ জন, **(৫) পরিবার পরিকল্পনা কার্যক্রম ঃ মোট সক্ষম দম্পতি ঃ** ৫৫,৬৪৩ জন, **(৬) মোট পদ্ধতি গ্রহণকারী ঃ** ৪৩,৬৫৪ জন, **(৭) পদ্ধতি গ্রহণকারীর হার (CAR) ঃ** ৭৮.৪৫%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ৩.১ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পঃপঃ অফিসার, কালীগঞ্জ লালমনিরহাট |

CamScanner
CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগ :**<br>উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, বোরো মৌসুমে কালীগঞ্জ উপজেলায় ১৩০৭০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছিল, ইতোমধ্যে ১৩০৭০ হেক্টর জমির ধান কর্তন সম্পন্ন হয়েছে। বোরো ধান উৎপাদন হয়েছে ৮৮৯১৫ মে:টন। হাইব্রিড জাত ও উচ্চফলনশীল জাতের আবাদের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করা হয়েছে। বর্তমান সরকারের পরিকল্পনা হলো আমদানি নির্ভরতা থেকে সরে আসা। চাহিদা মোতাবেক ধান উৎপাদন হলেও প্রত্যেক বছর খাদ্য নিরাপত্তার জন্য অতিরিক্ত ৭ লক্ষ মে:টন ধান আমদানি করতে হয়। বর্তমান সরকারের পরিকল্পনা হলো কোন পরিস্থিতিতেই ধানের আবাদ কমানো যাবে না। আবাদ এরিয়া উচ্চফলনশীল ধানের জাত ও হাইব্রিড জাতের আবাদের মাধ্যমে উৎপাদন বাড়াতে হবে। ধানের আবাদ এরিয়া ঠিক রেখে অন্য ফসল আবাদ করতে হবে। সরকারের মহৎ উদ্যোগ প্রনোদনা কর্মসূচির মাধ্যমে উন্নত উচ্চফলনশীল জাতের ধানের বীজ ও সার ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকের মাঝে সরবরাহ করা হয়েছে। যা উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রনোদণা কর্মসূচি/২০২৪-২৫ অর্থ বছরে উফশী ১৭৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে এবং পেঁয়াজের ঘাটতি পূরণে প্রনোদণা কর্মসূচি/২০২৪-২৫ অর্থ বছরে গ্রীষ্মকালীন পেঁয়াজ ১৭০ জন অনাবাদি পতিত জমিতে আবাদ করার জন্য গত বছর ৩২৪ টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। এ বছর অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় ৮৭টি পারিবারিক পুষ্টিবাগান স্থাপন করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ৪.১ কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার সকল ইউনিয়নে পশুর সংক্রামক রোগ দমনে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। নতুন রোগ ব্যাধি দমনে জনসচেতনতায় উঠান বৈঠক নিয়মিত ভাবে আয়োজন করা হচ্ছে। তিনি গবাদি পশু ও হাঁস মুরগীর নিয়মিত কৃমিনাশক ঔষধ খাওয়ানোর জন্য সকলকে অনুরোধ করেন। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.১ উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | ৬.১ আগামী সভায় উপস্থিত থাকার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৭ | **উপজেলা প্রকৌশলীর বিভাগ :**<br>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং কিছু প্রকল্পের কাজ চলমান থাকায় পে-অর্ডার করে রাখা হয়েছে। কাজ সমাপ্তের পর বিল পরিশোধ করা হবে। তিনি আরও বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপি প্রকল্প ও রাজস্ব প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করেন এবং জরুরী কিছু প্রকল্পের তালিকা প্রস্তত করে স্থানীয় সরকার বিভাগে চাহিদা প্রেরণের জন্য সভাপতি ও সকল সদসকে অনুরোধ করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৭.১ সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি প্রকল্পের অসমাপ্ত কাজের বিল পে-অর্ডার করে রাখা এবং কাজ সমাপ্তের পর সংশ্লিষ্ঠ ঠিকাদারকে বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৭.২ সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রকল্প গ্রহণ ও জরুরী প্রকল্পের তালিকা স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৮ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা- ২০২৫ এর মাস ব্যাপি (১-৩৬ জুলাই) বিভিন্ন কার্যক্রমের মধ্যে ২২- | ৮.১ উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বারান্দার কাঠ ও টিন নষ্ট হয়ে যাওয়ার কারণে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। এখন বর্ষা মৌসুমে জরুরী ভিত্তিতে বারান্দা মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভার সভাপতি মহোদয়কে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ।<br>সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | ১১.১ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, |
| ১২ | উপজেলা সমাজসেবা বিভাগ।<br>সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজসেবা কার্যালয়ে নিজস্ব জায়গা হতে অবৈধ স্থাপনা উচ্ছেদের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট মহোদয়ের সুযোগ্য নেতৃত্বে সফল হয়েছে। এজন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের প্রতি অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি আরও বলেন যে, সেবা গ্রহীতাদের জন্য পাবলিক টয়লেট ও সাইকেল গ্যারেজ স্থাপন জরুরী। ২০২৪-২০২৫ অর্থ বছরে ৪র্থ কিস্তির ৯৯.৬২% ভাতাভোগীদের পেরোল প্রেরণ করা হয়েছে। অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র, কালীগঞ্জ হতে বেশ কিছু প্রয়োজনীয় জিনিসপত্র চুরি হয়ে যাওয়ায় অধিকতর নিরাপত্তার জন্য অত্র প্রতিষ্ঠানের সহকারী পরিচালক, সিসি ক্যামেরার বরাদ্দ চেয়ে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন পত্র দাখিল করেছেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ১২.১ উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর (ত্রাণ শাখা) :<br>সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম ও ২য় ও ৩য় কিস্তির বরাদ্দের প্রকল্পের কাজ প্রায় ১০০% সমাপ্ত হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছর গ্রামীণ রাস্তায় ১৫ মিটার পর্যন্তসেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের এ উপজেলার ৭টি ব্রীজ এর মধ্যে ৬টি ব্রীজ এর কাজ ১০০% সমাপ্ত হয়েছে এবং ১টি ব্রীজের কাজ জলাবদ্ধতার কারণে বন্ধ রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছর গ্রামীণ রাস্তায় হেরিং বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের ১০০০.০০ মিটার রাস্তার কাজ ১০০% সমাপ্ত হয়েছে।এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৩.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর (ত্রাণ শাখা) কার্যক্রম সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ:<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলা সমবায় বিভাগ কর্তৃক ৪টি আশ্রয়ণ এবং ৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের ঋণ কার্যক্রম চলমান আছে। ৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে কাশিরাম, ভোটমারী ১নং এবং ভোটমারী-২নং আশ্রয়ণ প্রকল্প সম্পূর্ণ রূপে নদীগর্ভে বিলীন হয়ে গেছে এবং বোতলা আশ্রয়ণ ও উত্তর বালাপাড়া আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ব্যারাক ঘরগুলোর নতুন করে বরাদ্দ প্রদান করা হয়েছে এতে প্রায় ৫০% ঋণী সদস্য নতুন ঘর বরাদ্দ না পাওয়ার ফলে সব প্রকল্পে আদায় হচ্ছে না। আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের আওতায় চলমান প্রকল্প গুলো হলো (১) উত্তর বালাপাড়া, (২) উত্তর দলগ্রাম কালভৈরব, (৩) উত্তর দলগ্রাম বড়দিঘীরপাড় এবং (৪) মহিষামুড়ি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্প। ০৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের মোট ৩৪০টি পরিবার পুর্ণবাসিত হয়েছে। উক্ত পুর্ণবাসিত পরিবারের মধ্যে জুন/২৫ খ্রিঃ মাস | ১৪.১ উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসার-কে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ২৪ জুলাই উত্তরায় মাইলষ্টোন কলেজে বিমান দুর্ঘটনার কারনে তিন দিনের অনুষ্ঠানমালা স্থগিত করা হয়েছে। ২৪ তারিখের অনুষ্ঠানমালা আগামী ৩১ জুলাই অনুষ্ঠিত হবে। কবিতা, গান, রচনা, আবৃত্তি, চিত্রাংকন এবং জুলাই নিয়ে নির্মিত মাল্টিমিডিয়ার মাধ্যমে প্রদর্শনী করা হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, পিবিজিএসআই স্কিমের আওতায় ২০২২ ও ২০২৩ সালের "উপজেলা/থানাশ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার এবং উচ্চ মাধ্যমিক সমাপনী পুরস্কার" প্রাপ্ত শিক্ষার্থীদের ক্রেস্ট ও সার্টিফিকেট সুষ্ঠভাবে বিতরণ সম্পন্ন হয়েছে। জুলাই গণঅভুত্থান বর্ষপূর্তি পালনে উপজেলা পর্যায়ে "২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন" প্রতিযোগিতা এবং "আমারচোখে জুলাই বিপ্লব- ২০২৪ " উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও উপস্থিত বক্তৃতা উপজেলা পর্যায়ে সুষ্ঠভাবে সম্পন্ন হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ২য় তলায় আইসিটি প্রশিক্ষণের সরঞ্জাম বিদ্যমান এবং নীচ তলায় অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সামনের বেশীর ভাগ কাচের এবং কিছু অংশ ভাঙ্গা, বিধায় নিরাপত্তার জন্য একটি গেটসহ বাউন্ডারী ওয়াল ও টিনের চালার গ্যারেজ (শিক্ষকদের যানবাহন রাখা) করা আবশ্যক। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ৯.১- (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপি ও রাজস্ব প্রকল্প হতেগেট, বাউন্ডারী ও টিনের চালার গ্যারেজ নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের<br><br>৯.১- (খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের দাপ্তরিক কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ৯.১ (ক) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ<br><br>৯.১ (খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, (১) **ভিডব্লিউবি কার্যক্রম :** ২০২৫-২০২৬ অর্থ বছরের ভিডব্লিউবি চক্রের (জুলাই/২০২৫ হতে জুন/২০২৭ পর্যন্ত) ০৮টি ইউনিয়নের আওতায় বরাদ্দকৃত ২,১৩৬ জন উপকারভোগী নির্বাচনের জন্য উপজেলা পর্যায়ে ভিডব্লিউবি উপকারভোগীর তালিকা (ছক-৩) নির্বাচন চুড়ান্ত অনুমোদন হয়েছে। বর্তমানে ইউনিয়ন পরিষদে ভিডব্লিউবি কার্ড প্রস্তুত করা প্রক্রিয়াধীন রয়েছে। (২) **মা ও শিশু সহায়তা কার্যক্রম :** ২০২৪-২০২৫ অর্থ বছরে অত্র উপজেলার ৮টি ইউনিয়নের জুন/২০২৫ পর্যন্ত সর্বমোট ভাতাভোগীর সংখ্যা- ৮৬৪ জন। ভাতা বিতরণ চলমান রয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরের ভাতাভোগী নির্বাচনের জন্য এখন পর্যন্ত বরাদ্দ পাওয়া যায় নাই। (৩) **প্রশিক্ষণ কার্যক্রম (ডব্লিউ,টি,সি) :** ২০২৫-২০২৬ অর্থ বছরের জুলাই/২০২৫ হতে সেপ্টেম্বর/২০২৫ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী ডব্লিউ,টি,সি প্রশিক্ষণ কেন্দ্রে দর্জি বিজ্ঞান ট্রেডে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। (৪) **মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিল:** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ঋণের কিস্তি আদায় বাবদ জুন/২০২৫ মাস পর্যন্ত ব্যাংক স্থিতির পরিমান- ৭১,১০৫/২৬ টাকা। (৫) **কিশোর-কিশোরী ক্লাব :** অত্র কার্যালয়ের অধীনে ০৮টি ইউনিয়নে অবস্থিত ০৮টি ক্লাবের ক্লাব প্রতি ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ মোট ৩০ জন হিসেবে সর্বমোট ২৪০ জনকে সংগীত ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ক্লাবে নাস্তা বিতরণ চলমান রয়েছে। বর্তমানে ৮টি ক্লাবে কর্মরত জনবলের সংখ্যা- জেন্ডার প্রোমোটার- ০২ জন, ক্লাব কো অর্ডিনেটর- ০৮ জন, সংগীত শিক্ষক- ০৮ জন এবং আবৃত্তি শিক্ষক- ০৮ জনসহ সর্বমোট- ২৬ জন। (৬) **মামলা সংক্রান্ত :** জুন/২০২৫ মাসে জর্জ কোর্ট, লালমনিরহাট হতে নারী ও শিশু নির্যাতন বিষয়ে তদন্ত করণের জন্য অত্র কার্যালয়ে ০২টি মামলা জমা পরেছে। মামলা ০২টি তদন্তকরণ প্রক্রিয়াধীন। তিনি আরও বলেন যে, অত্র কার্যালয়ের ভবনের | ১০.১- (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বারান্দা মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>১০.১-(খ) উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | ১০.১- (ক) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ<br><br>১০.১- (খ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |



CS CamScanner

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | পর্যন্ত মোট ৩৮,৯৭,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। উক্ত ঋণের মধ্যে জুন/২৫ মাস পর্যন্ত মোট ২০,৫৪,৬৫৮/- টাকা আসল এবং ১,৬১,৭৭৯/- টাকা সার্ভিস চার্জ আদায় করা হয়েছে। অত্র কার্যালয়ে ২০২৪-২০২৫ খ্রি: সালের আওতাধীন ৭৫টি প্রাথমিক সমিতির অডিট বরাদ্দ হয়েছে। অডিট বরাদ্দকৃত সমিতির গুলোর বর্তমান শেয়ার মূলধন ৭০,৭৩,২৪৫/- টাকা, সঞ্চয় আমানত- ৪,৯৭,৯০,৯৮৭/- টাকা, কার্যকরী মূলধন- ১০,৯২,৪৬,০৭৮/- টাকা। ২০২৩-২০২৪ সালের সম্পাদনকৃত অডিটের প্রেক্ষিতে অডিট ফি বাবদ প্রাথমিক সমিতির ১১,৩৬০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ প্রাথমিক সমিতির ২২,৭২৫/- টাকা ও ভ্যাট বাবদ প্রাথমিক সমিতির ১,৭০৪/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন অফিস:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জনান যে, (ক) ঋণ : আদায় যোগ্য রাজস্ব : ১,১৪,৫৫০/- টাকা, আদায়কৃত : ১,০৫,৫৫০/- টাকা, আদায়ের হার: ৯৪.৬২%। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য:১,৩১,৬১,৫১৬/-টাকা,ক্রমপুঞ্জিত আদায়কৃত: ১,১১,২৩,১৩৭/-টাকা, আদায়ের হার: ৮৪.৫১%। (খ) প্রশিক্ষণ: ২০২৪-২০২৫ অর্থ বছরে মোট প্রশিক্ষণ: অপ্রাতিষ্ঠানিক ০৭ দিন মেয়াদি : ৪২০ জন, পুরুষ: ২২০ জন, নারী: ২০০ জন। শুরু থেকে জুন/২৫ পর্যন্ত প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা- ৯২২২ জন। পুরুষ: ৫১৬২ জন, যুব নারী: ৪০৬৯ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১৫.১ উপজেলা যুব উন্নয়ন অফিসের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, |
| ১৬ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় বলেন, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে অত্র উপজেলায় বরাদ্দপ্রাপ্ত ৯৬টি অগভীর হস্তচালিত নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। ১৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়াও জরুরী ভিত্তিতে বন্যামোকাবেলার জন্য অত্র দপ্তরে ২০,০০০/- (বিশ হাজার) টি পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট মজুদ আছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৬.১ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে পরামর্শ প্রদান করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৭ | **বন বিভাগ:**<br>ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৭.১ উপজেলা বনায়ন ও নার্সারী বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার করার জন্য বলা হলো। | ফরেস্টার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৮ | **বিবিধ আলোচনা :**<br>(ক) সভায় আলোচনাকালে সভাপতি জানান যে, অত্র উপজেলার ১৪৩২ বাংলা সনে ২৩টি হাট/বাজার ইজারা প্রদানের নিমিত্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে এর মধ্যে ২টি হাট খাস আদায় চলমান রয়েছে এবং ২১টি হাট/বাজার ইজারা প্রদান করা হয় এর মধ্যে ৭টি হাট/বাজারের ইজারাদারগণ কর্তৃক ডাককৃত অর্থ এবং জামানত, ভ্যাট, আয়কর এখন পর্যন্ত পরিশোধ না হওয়ায় সরকারি হাট/বাজার ইজারা প্রদান সংক্রান্ত নীতিমালার আলোকে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশনা থাকায় উর্দ্ধতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রেক্ষিতে অর্থ আদায়ের জন্য আইনগত প্রক্রিয়ায় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সদস্যর মতামত কামনা করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচান্তে ১৪৩২ বাংলা সনে হাট/বাজার ইজারার অপরিশোধিত অর্থ আদায়ের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ আন্তরিক ভাবে সহযোগিতা করার জন্য একমত পোষণ করেন এবং বকেয়া আদায়ে ব্যর্থ হলে পরবর্তীতে নীতিমালার আলোকে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। |

CamScanner

| | | |
|---|---|---|
| (খ) সভায় আলোচনা কালে সভাপতি জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পল্লী মন্ত্রণালয়, জনপ্রশাসন বিভাগ, ঢাকার অধিশাখা-২ এর স্মারক নং- ৪৪.০০.০০০০.১১৮.১১.০০১.২০-৪৯, তারিখ : ১৯ মে ২০২১ পরিপত্রের আলো ২৯ জুলাই ২০২১ খ্রি তারিখে স্মারক নং ৫০ মূলে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ বরাবর লিখিত আবেদন করেছেন। সভায় সভাপতি পত্র এর বিস্তারিত পড়ে শোনান। তিনি বলেন যে সকল উপজেলায় উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের নামে কোন জমি নেই সে সকল উপজেলায় ১৫.০০ শতাংশ জমি বরাদ্দ দেওয়ার জন্য জনপ্রশাসন বিভাগ, পল্লী মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট জেলা প্রশাসক মহোদয়গণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রস্তাবিত উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, কালীগঞ্জ, লালমনিরহাট এর অফিসের কোন জমি না থাকায় উপজেলা পরিষদ হতে ১৫ শতাংশ জমি বরাদ্দ প্রদানের প্রশাসনিক অনুমোদন এবং পরবর্তী কার্যক্রমের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুরোধ করেছেন। | (খ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা আনসার ও ভিডিপি অফিসের নতুন ভবন নির্মাণের নিমিত্ত উপজেলা পরিষদ চত্বরের ভিতরে ১৫.০০ শতাংশ ভূমি/খাস জমি বরাদ্দ প্রদান করার জন্য জেলা প্রশাসক বরাবর অনুমতির জন্য পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (খ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| (গ) সভায় আলোচনাকালে সভাপতি জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা প্রজ্ঞাপন তারিখ ১৬ অগ্রহায়ণ ১৪১৭/৩০ নভেম্বর ২০১০, এস,আর, ও নং ৩৮২-আইন/২০১০ এর উপজেলা পরিষদের কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর (অষ্টম অধ্যায়) বিধি ৪৬-৫৯ অনুসরণপূর্বক উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলার নির্দেশনা রয়েছে এবং গত ২৪/০৯/২০২০ খ্রি তারিখের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০-৭৩৬ মোতাবেক কালীগঞ্জ উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলার জন্য আবেদন করেছেন। এ বিষয়ে সকল সদস্যের মতামত কামনা করেন। আলোচনায় আরও জানান যে, উক্ত হিসাব পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ-কে হিসাবরক্ষণ কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান এবং ব্যাংক একাউন্ট এর মাধ্যমে হিসাব পরিচালনা করা প্রয়োজন। | (গ-১) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ০৩ (তিন) জন কর্মচারীর প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলার নিমিত্ত সকল সদস্য একমত পোষণ করেন এবং উপজেলা পরিষদ কর্মচারীর (চাকুরী) বিধিমালা, ২০১০ এর (অষ্টম অধ্যায়) বিধি ৪৬-৫৯ অনুসরণপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ-২) সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত হিসাব পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ-কে হিসাবরক্ষণ কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান এবং ব্যাংক হিসাবের মাধ্যমে উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (গ-১) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট<br>(গ-২) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| (ঘ) সভায় আলোচনা কালে সভাপতি জানান যে, অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র, শীর্ষক প্রকল্প, সমাজকল্যাণ মন্ত্রণালয় আওতায় নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্তৃক পরিচালিত হয়ে আসছে। সাবেক সমাজ কল্যাণ মন্ত্রী নিজস্ব জমিতে সেবা কেন্দ্রটি স্থাপন করেন এবং মাসিক ভাড়া- ৫২,০০০/- (বায়ান্ন হাজার) টাকা ভাড়া প্রদান করেন সভায় বিস্তারিত আলোচনান্তে অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্রটি স্থানান্তরের জন্য সকল সদস্য উপজেলাধীন মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনটি দীর্ঘদিন যাবৎ ফাঁকা থাকায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্সটি ভাড়া হিসেবে প্রদানের জন্য সকল সদস্য প্রস্তাব রাখেন। | (ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে অটিজম ও এনডিডি সেবা কেন্দ্রটি দ্রুত স্থানান্তর করার জন্য সভায় সকল সদস্য একমত পোষণ করেন এবং প্রতি মাসের সেবা কেন্দ্রের ভাড়া- ২৫,০০০/- টাকা নির্ধারণ করে কালীগঞ্জ উপজেলাধীন মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনটি ভাড়া প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৭/২০২২

(মোছাঃ জাকিয়া সুলতানা)
প্রশাসক
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

২৭/৭/২২

CamScanner

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।
www.kaliganj.lalmonirhat.gov.bd

স্মারক নং- [illegible]

তারিখ: [illegible] শ্রাবণ [illegible] / [illegible] জুলাই [illegible]

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব, ভূমি [illegible] বিভাগ, ভূমি মন্ত্রণালয়, [illegible], বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, ভূমি [illegible], রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। [illegible], ভূমি [illegible], লালমনিরহাট।
৬। উপজেলা ______________________ অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
৭। [illegible] ______________________ (সকল) ইউ.পি., কালীগঞ্জ, লালমনিরহাট।

(মোছাঃ [illegible])
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।
মোবাইল নং: [illegible]